# Retears™ G 0.5%

Carboxymethylcellulose Sodium 0.5% and Glycerin 0.9%
Sterile Lubricant Eye Drops

## DESCRIPTION

**Retears™ G 0.5%** is a sterile Lubricating Eye Drops containing a combined preparation of Carboxymethylcellulose Sodium and Glycerin which provides soothing relief for dry, irritated eyes with a formula that resembles your body's own tears. **Retears™ G 0.5%** contains a unique, mild, non-sensitizing preservative that, when used, ultimately changes into components of natural tears (sodium chloride + water). Use **Retears™ G 0.5%** for long-lasting relief of your dry, irritated eyes as often as needed.

## COMPOSITION

Each mL **Retears™ G 0.5%** contains Carboxymethylcellulose Sodium USP 5 mg and Glycerin BP 9 mg as active ingredients.
Preservative: Stabilized Oxychloro Complex 0.1 mg.

## INDICATIONS

For the temporary relief of burning, irritation and discomfort due to dryness of the eye or due to exposure to wind or sun. Also may be used as a protectant against further irritation.

## DOSAGE & ADMINISTRATION

Instill 1 or 2 drops in the affected eye(s) as needed.
Concomitant ocular medications should be administered at least 5 minutes apart from the instillation of **Retears™ G 0.5%** to avoid washout effects.

## CONTRAINDICATIONS

**Retears™ G 0.5%** is contraindicated in patients with hypersensitivity to Carboxymethylcellulose and Glycerin or any ingredients in this product.

## WARNINGS AND PRECAUTIONS

To avoid contamination or possible eye injury, do not touch the tip of the container to any surface and avoid contact with the eye. Re-cap after using. If you experience eye pain, changes in vision, continued redness or irritation of the eye, or if the condition worsens discontinue use and consult a doctor. If solution changes color or becomes cloudy, do not use. Do not use if packaging shows evidence of tampering. Use before the expiration date marked on the container.

## SIDE EFFECTS

Vision may be temporarily blurred when this product is first used. Also, minor burning/ stinging/ irritation may temporarily occur.

## USE IN SPECIAL POPULATION

### Pregnancy

There are no adequate and well-controlled studies in pregnant women. This combination drug of Carboxymethylcellulose Sodium and Glycerin should be used during pregnancy only if the potential benefit justifies the potential risk to the fetus.

### Lactation

Carboxymethylcellulose Sodium and Glycerin have not been measured in human milk. Caution should be exercised when the combination of Carboxymethylcellulose Sodium and Glycerin is administered to a nursing woman.

### Geriatric use

No overall differences in safety or effectiveness have been observed between elderly and other adult patients.

## PHARMACEUTICAL PRECAUTION

Store below 25 °C temperature. Store in an upright position. Keep away from light and wet place. Keep out of reach of children. Do not use after one month of first opening.

## PRESENTATION

**Retears™ G 0.5% Ophthalmic Solution:** Teal green LDPE dropper bottle containing 10 mL sterile Ophthalmic Solution. Each mL of Ophthalmic Solution contains Carboxymethylcellulose Sodium USP 5 mg and Glycerin BP 9 mg.

SK+F
Marketed by
**ESKAYEF PHARMACEUTICALS LTD.**
RUPGANJ, NARAYANGANJ, BANGLADESH
TM TRADEMARK
R/PM2229 V01

# রিটিয়ার্স™ জি ০.৫%

কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম ০.৫% এবং গ্লিসারিন ০.৯%
জীবাণুমুক্ত লুব্রিকেন্ট চোখের ড্রপস্

## বিবরণ

**রিটিয়ার্স™ জি ০.৫%** কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম এবং গ্লিসারিনের সমন্বয়ে তৈরি একটি জীবাণুমুক্ত লুব্রিকেটিং চোখের ড্রপস্ যা শরীরের নিজস্ব চোখের অশ্রু সদৃশ উপাদানে তৈরি হওয়ায় চোখের শুষ্কতা, চোখ জ্বালাপোড়া থেকে প্রশান্তিদায়ক উপশম প্রদান করে। **রিটিয়ার্স™ জি ০.৫%** এ আছে একটি অতুলনীয়, মৃদু, অসংবেদনশীল প্রিজারভেটিভ যা চোখে পৌছা মাত্র প্রাকৃতিক অশ্রুর উপাদানে (সোডিয়াম ক্লোরাইড+পানি) পরিবর্তিত হয়। আপনার চোখের শুষ্কতা, জ্বালাপোড়া থেকে দীর্ঘস্থায়ী উপশমের জন্য **রিটিয়ার্স™ জি ০.৫%** ব্যবহার করুন যতবার প্রয়োজন ততবার।

## উপাদান

প্রতি মি.লি. **রিটিয়ার্স™ জি ০.৫%** এ সক্রিয় উপাদান হিসাবে আছে কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম ইউ.এস.পি. ৫ মি.গ্রা. এবং গ্লিসারিন বি.পি. ৯ মি.গ্রা.।
প্রিজারভেটিভ: স্ট্যাবিলাইজড অক্সিক্লোরো কমপ্লেক্স ০.১ মি.গ্রা.।

## নির্দেশনা

চোখের শুষ্কতা অথবা বাতাস বা সূর্যের তাপের সংস্পর্শে আসার কারণে চোখের জ্বালা, জ্বালাপোড়া এবং অস্বস্থির সাময়িক উপশমের জন্য। এছাড়াও পরবর্তীতে চোখের জ্বালাপোড়ার প্রতিরোধক হিসাবে ব্যবহার করা যেতে পারে।

## মাত্রা ও প্রয়োগবিধি

প্রয়োজন অনুযায়ী আক্রান্ত চোখে ১ বা ২ ফোঁটা দিতে হবে।
ঔষধ চোখ থেকে বের হয়ে যাওয়ার প্রভাব এড়াতে **রিটিয়ার্স™ জি ০.৫%** ব্যবহারের কমপক্ষে ৫ মিনিট পরে অন্য চোখের ঔষধগুলি প্রয়োগ করা উচিত।

## প্রতিনির্দেশনা

যে সকল রোগী কার্বোক্সিমিথাইলসেলুলোজ এবং গ্লিসারিন বা এর অন্য কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে **রিটিয়ার্স™ জি ০.৫%** নির্দেশিত নয়।

## সতর্কতা

ঔষধের দূষণ বা চোখে সম্ভাব্য আঘাত এড়াতে বোতলের টিপ বা অগ্রভাগ কোন পৃষ্ঠের সংস্পর্শে এবং চোখের সংস্পর্শে আনবেন না। প্রতিবার ব্যবহারের পর বোতলের মুখটি বন্ধ করুন। আপনি যদি চোখে ব্যথা অনুভব করেন, দৃষ্টিশক্তির পরিবর্তন, ক্রমাগত লালভাব বা চোখের জ্বালা অনুভব করেন বা অবস্থার অবনতি হলে ঔষধ ব্যবহার বন্ধ করুন এবং একজন ডাক্তারের সাথে পরামর্শ করুন। ঔষধের রং পরিবর্তন বা ঘোলা হয়ে গেলে ঔষধটি ব্যবহার করবেন না। ঔষধের মোড়কে যদি কোন গরমিলের প্রমাণ দেখা যায় তবে ব্যবহার করবেন না। বোতলে নির্দেশিত মেয়াদউত্তীর্ণ তারিখের পূর্বেই ব্যবহার করুন।

## পার্শ্ব-প্রতিক্রিয়া

যখন এই পণ্যটি প্রথম ব্যবহার করা হয় তখন দৃষ্টি সাময়িকভাবে ঝাপসা হতে পারে। এছাড়াও, অস্থায়ীভাবে সামান্য চোখের জ্বালা/ যন্ত্রণা/ জ্বালাপোড়া হতে পারে।

## বিশেষ ব্যক্তিদের ক্ষেত্রে ব্যবহার

### গর্ভাবস্থায়

গর্ভবতী মায়েদের ক্ষেত্রে ব্যবহারের পর্যাপ্ত এবং সুনিয়ন্ত্রিত গবেষণা করা হয়নি।
কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম এবং গ্লিসারিনের সমন্বয়ে তৈরি এই ওষুধটি গর্ভাবস্থায় ব্যবহার করা ঠিক হবে শুধুমাত্র যদি ফিটাসের কোনো ক্ষতি না হয়।

### স্তন্যদানকালে

কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম এবং গ্লিসারিন মানুষের দুধে পরিমাপ করা হয়নি। নার্সিং মহিলার ক্ষেত্রে কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম এবং গ্লিসারিনের সংমিশ্রণ ব্যবহারের সময় সতর্কতা অবলম্বন করতে হবে।

### বয়স্কদের ক্ষেত্রে ব্যবহার

বয়স্ক এবং অন্যান্য প্রাপ্তবয়স্ক রোগীদের মধ্যে নিরাপত্তা বা কার্যকারিতার কোন সামগ্রিক পার্থক্য পরিলক্ষিত হয়নি।

## ফার্মাসিউটিক্যাল সতর্কতা

২৫ °সে. তাপমাত্রার নীচে রাখুন। খাড়া অবস্থানে রাখুন। আলো এবং আর্দ্রতা থেকে দূরে রাখুন। শিশুদের নাগালের বাহিরে রাখুন। খোলার এক মাস পরে ওষুধটি আর ব্যবহার করবেন না।

## সরবরাহ

**রিটিয়ার্স™ জি ০.৫% অফথালমিক সলিউশন:** টিল গ্রীন এল.ডি.পি.ই. ড্রপার বোতলে আছে ১০ মি.লি. জীবাণুমুক্ত অফথালমিক সলিউশন। প্রতি মি.লি. অফথালমিক সলিউশনে আছে কার্বোক্সিমিথাইলসেলুলোজ সোডিয়াম ইউ.এস.পি. ৫ মি.গ্রা. এবং গ্লিসারিন বি.পি. ৯ মি.গ্রা.।

SK+F
প্রস্তুতকারক
**এসকেএফ ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ
TM ট্রেডমার্ক